ভোরের কাগজ

12 MAY 2003

সংসদে প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ওসমান ফারুক

# সরকারি এমপিওভুক্ত সাড়ে ১৩শ' স্কুলে কোনো ছাত্রছাত্রীই পাস করেনি

কাগজ প্রতিবেদক : সরকারি এমপিওভুক্ত স্কুলগুলোর মধ্যে গত বছর এসএসসি পরীক্ষায় সাড়ে ১৩শ' স্কুলে কোনো ছাত্রছাত্রীই পাস করেনি। ১০ শতাংশের নিচে পাস করেছে ৪শ' স্কুলে। সরকারি সুযোগ-সুবিধা নেওয়ার পরও পরীক্ষার ফলাফল খারাপ হওয়ায় এই সাড়ে ১৭শ' স্কুলের এমপিওভুক্তি কেন বাতিল হবে না এ মর্মে সংশ্লিষ্ট স্কুলগুলোতে কারণ দর্শানো নোটিশ দেওয়া হয়েছে। গতকাল রোববার সংসদের প্রশ্নোত্তর পর্বে সরকারি দলীয় সাংসদ মোয়াজ্জেম হোসেন আলালের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক এ তথ্য দেন। মন্ত্রী জানান, দেশের এমপিওভুক্ত স্কুলের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ সরকারের বছরে ব্যয় হয় প্রায় ১৭শ' কোটি টাকা।

সাংসদ মাওলানা আবদুল খালেক মণ্ডলের অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী সংসদকে জানান, দেশে শিক্ষার সকল স্তরে ধর্মীয় শিক্ষাকে বাধ্যতামূলক করার কোনো পরিকল্পনা আপাতত সরকারের নেই। সাংসদ ডা. মোঃ রুস্তম আলী ফরাজীর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, মাদ্রাসা) শিক্ষক-কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত নীতিমালা পরিবর্তন করার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে, কারণ বর্তমান নীতিমালা উৎকৃষ্ট নয়। পরিবর্তন করা প্রয়োজন আছে। খুব শিগগিরই নতুন নীতিমালা প্রণয়ন করা হবে। সাংসদ কাদের সিদ্দিকীর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, চলতি অর্থবছরে এখনো পর্যন্ত নতুন কোনো শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়নি। তবে প্রক্রিয়াধীন আছে।

সাংসদ মোঃ জাহাঙ্গীর হায়দার খানের এক প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন সংসদকে জানান, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের নিজ নিজ জেলার বাইরে বদলি করার কোনো পরিকল্পনা আপাতত সরকারের নেই।